

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৭০

তারিখঃ ২৩/০৬/১৯শ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নের ব্যাপকতার উপর নির্ভর করে কর্মসূচির নীতি নির্ধারণী সভার সিদ্ধান্ত মোতাবেক কিছু কিছু খাতে পারফরমেন্স ভিত্তিক বরাদ্দের সিলিং নিম্নরূপভাবে নির্ধারণ করা হলোঃ

ক) মাসিক ভ্রমন বিল প্রাপ্যতার ক্ষেত্রে যে সকল মাঠ সংগঠকের বাৎসরিক ঋণ বিতরণের পরিমাণ ৮০.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব তাদের ক্ষেত্রে ২০০০.০০ টাকা, ৬০.০০ লক্ষ থেকে ৭৯.৯৯ লক্ষ টাকা হলে ১৫০০.০০ টাকা, ৫০.০০ লক্ষ থেকে ৫৯.৯৯ লক্ষ টাকা হলে ১,০০০.০০ টাকা, ৫০.০০ লক্ষ টাকার নীচে ঋণ বিতরণের ক্ষেত্রে ৫০০.০০ টাকা হারে আয় থাকা সাপেক্ষে সিলিং নির্ধারণ করা হলো। তাছাড়া মাঠ সংগঠক পদের শূণ্যতা জনিত কারণে হিসাব সহকারী কর্তৃক সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম পরিচালনার স্বার্থে একই হারে মাসিক ভ্রমনবিল প্রদান করা যাবে;

খ) মাসিক স্টেশনারী খাতে বরাদ্দের ক্ষেত্রে যে সকল উপজেলায় বাৎসরিক ঋণ বিতরণের পরিমাণ ২০০.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব তাদের ক্ষেত্রে ২০০০.০০ টাকা, ১৭৫.০০ লক্ষ থেকে ১৯৯.৯৯ লক্ষ টাকা হলে ১৫০০.০০ টাকা, ১৭৫.০০ লক্ষ টাকার নীচে ঋণ বিতরণের ক্ষেত্রে ১০০০.০০ টাকা হারে আয় থাকা সাপেক্ষে সিলিং নির্ধারণ করা হলো;

গ) মাসিক মটরসাইকেল জ্বালানী খাতে বরাদ্দের ক্ষেত্রে যে সকল উপজেলায় বাৎসরিক ঋণ বিতরণের পরিমাণ ২০০.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব তাদের ক্ষেত্রে ২০০০.০০ টাকা, ১৭৫.০০ লক্ষ থেকে ১৯৯.৯৯ লক্ষ টাকা হলে ১৫০০.০০ টাকা, ১৭৫.০০ লক্ষ টাকার নীচে ঋণ বিতরণের ক্ষেত্রে ১০০০.০০ টাকা হারে আয় থাকা সাপেক্ষে সিলিং নির্ধারণ করা হলো;

ঘ) কম্পিউটার, মটর সাইকেল, অফিস যন্ত্রাংশ ও অন্যান্য মেরামতের ক্ষেত্রে নির্ধারিত বাজেটের অতিরিক্ত ব্যয়ের অত্যাবশ্যক হলে আয় থাকা সাপেক্ষে কর্মসূচি প্রধানের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে।

২। এছাড়া কোন কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতা খাতে এক অর্থ বছরে আয়ের বিপরীতে ব্যয় করার পর উদ্বৃত্ত থাকলে তা পরবর্তী অর্থ বছরে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন-ভাতা খাতে ব্যয় করা যাবে

৩। জারীকৃত এ আদেশ ১ জুলাই, ২০১৯ শ্রিঃ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

২৩/০৬/২০১৯শ্রিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

০২-৮১৮০১৪৪

তারিখঃ ২৩/০৬/১৯শ্রিঃ

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২৭০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৫. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৭. অফিস নথি/ গার্ড ফাইল।

১

২৩.০৬.১৭

আল-আমিন

সহকারী পরিচালক (ইরেসপো)